

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১১. যখন কোনো লোক তার হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয়

بَابِ إِذَا أَتَى الرَّجُلُ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا هُشَيْمٌ أَخْبَرَنَا مُغِيرَةُ عَنْ إِبْرَاهِيمَ ح وَأَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ أَبِي خَالِدٍ عَنْ عَامِرٍ فِيمَنْ أَتَى أَهْلَهُ وَهِيَ حَائِضٌ قَالَا ذَنْبٌ أَتَاهُ يَسْتَغْفِرُ اللَّهَ وَيَتُوبُ إِلَيْهِ وَلَا يَعُودُ

বাংলা

১১৩০. মুগীরাহ ইবরাহীম রাহি. হতে বর্ণনা করেন,[1]

এবং ইসমাঈল ইবনু আবী খালিদ, আমীর রাহি. হতে বর্ণনা করেন, তারা উভয়ে বলেন, তা (তার সাথে মিলিত হওয়া) গুনাহের কাজ হয়েছে। সে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করবে এবং তাঁর নিকট তাওবা করবে। আর সে এ কাজের পুনরাবৃত্তি করবে না।[2]

ফটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/৪/৩২; আব্দুর রাযযাক নং ১২৬৮ ইবরাহীম বলেন, তার উপর কোনো কিছুই ওয়াজিব নয়। সে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা (ইস্তিগফার) করবে।' এর সনদ সহীহ।

[2] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/৪/৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুগীরাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন